# বাংলাদেশের সাহিত্য : বিশ্ববিদ্যালয়ের পাঠ্যক্রমে

সৌম্যদীপ বসু

সাহিত্য ভাষার জনক। ফলে সাহিত্যের ঠিকুজি-কুলজি নির্ধারণের ক্ষেত্রে 'কোন দেশের সাহিত্য'—এমন ভাবনার চেয়ে 'কোন ভাষার সাহিত্য'—প্রশ্নটা এমন হলে চিন্তার অভিমুখটি বোধহয় অনেক বেশি স্পষ্ট হয়ে ওঠে। কেননা, ভূখণ্ডগত পরিচয়ের থেকে ('পশ্চিমবঙ্গের সাহিত্য' বলি কী?) ভাষাগত পরিচয়ের সূত্রটিই কার্যত 'সাহিত্য' পড়ার ক্ষেত্রে মানক (parameter)-এর কাজ করে। এভাবে ভাবলে 'বাংলাদেশের সাহিত্য' না বলে 'বাংলা ভাষায় রচিত সাহিত্য', ব্যাপক অর্থে 'বাংলা সাহিত্য' বলবার একটা ঝোঁক তৈরি হয়। তাছাড়া ইতিহাসের প্রেক্ষাপটে দেখলে 'বাংলাদেশের সাহিত্য' তো বিভাগোত্তর কালের বাংলা সাহিত্যের-ই একটা ক্রমবর্ধিত রূপ, যা ভারত রাষ্ট্র থেকে উদ্ভূত একসময়ের অখণ্ড বঙ্গের অর্ধাংশের প্রতিনিধিত্ব করে। রাজনৈতিক সীমানায় কিংবা ভৌগোলিকভাবে তা হয়ত খণ্ডিত, অথচ চেতনায় আজও অখণ্ড। বাঙালি মানসের এই অভেদাত্মক প্রকৃতিকে মাথায় রাখলে 'পশ্চিমবঙ্গের সাহিত্য' বা 'বাংলাদেশের সাহিত্য'—এসব অভিধার পরিবর্তে বৃহত্তর দৃষ্টিকোণে এক 'বাংলা সাহিত্য' হিসেবে দেখাটাই বোধহয় বেশি সমীচীন।

দেশবিভাগ পরবর্তী সময়ে পশ্চিমবঙ্গে বাংলা সাহিত্যের আলোচনা এবং চর্চার ক্ষেত্রে যেমন একটা বড় পরিপ্রেক্ষিত আছে, তেমনি বিভাগোত্তর পূর্ব পাকিস্তান অথবা স্বাধীন বাংলাদেশ রাষ্ট্রেও বাংলা ভাষা ও সাহিত্য চর্চার অনুরূপ একটা প্রেক্ষাপট আছে। দু'য়ে মিলে তৈরি হয় প্রবহমান বাংলা সাহিত্যের একটা সম্পূর্ণ ইতিবৃত্ত। কাজেই ভাষার 'সমত্ব'কে প্রাধান্য দিয়ে আমাদের উচিত অখণ্ড বাঙালি চৈতন্যের প্রবণতাগুলিকে চিনে নেওয়া, দেশের পার্থক্যটা সেখানে যেন কোনও মানসিক ভেদরেখা তৈরি করতে না পারে। কারণ, ভূখণ্ডের ব্যবধান যাই থাক, চেতনার অন্তর্গত স্বরে চিরদিনই রয়ে গেছে একটা সাম্যের টান! এই অবিচ্ছিন্ন ঐক্যসূত্রকে সামনে রেখে 'বাংলাদেশের সাহিত্য' যেন প্রকৃত অর্থেই 'অখণ্ড' বাঙালি চেতনার অংশ হিসেবে ভারত-বাংলাদেশের বাঙালি মানসে গৃহীত হতে পারে। এমন একটা ভাবনার প্রতিই আমাদের সমর্থন রইল। একটা সময় ছিল, যখন স্বাধীন বাংলাদেশে বাংলা ভাষা ও সাহিত্যচর্চার হালহকিকত সম্পর্কে ভারতবর্ষের বাঙালিরা ততটা সচেতন ছিলেন না। সকলে নিশ্চয়ই নন, তবে একটা বড় অংশ তো বটেই! একমাত্র যাদবপুর বিশ্ববিদ্যালয়ের পাঠ্যক্রম ছাড়া পশ্চিমবঙ্গের অন্যান্য বিশ্ববিদ্যালয়গুলিতে দেশবিভাগ পরবর্তী বাংলা সাহিত্য-সংস্কৃতির আলোচনায় বাংলাদেশে বাংলা ভাষা-সাহিত্য চর্চার নিদর্শনগুলি সম্পূর্ণরূপে অনালোচিত ছিল। তবে বর্তমানে এই 'ব্রাত্য' করবার ভাব বেশ কিছুটা বদলেছে। যাদবপুর সহ প্রেসিডেন্সি, কলকাতা, রবীন্দ্রভারতী, কল্যাণী, বর্ধমান, বাঁকুড়া প্রভৃতি নানা বিশ্ববিদ্যালয় বাংলা ভাষা ও সাহিত্য চর্চার পাঠ্যক্রমে বাংলাদেশের সাহিত্যবিশ্ব একটি গুরুত্বপূর্ণ জায়গা করে নিয়েছে। এই অন্তর্ভুক্তি ঘটেছে নানা বিদ্যায়তনিক স্তরে। কখনও বাংলা ভাষা ও সাহিত্য বিষয়ের সাধারণ স্নাতক স্তরে, কখনও ষান্মাসিক স্নাতক পর্যায়ে, আবার কখনও বা স্নাতকোত্তর পর্বে সাধারণ পত্র কিংবা ঐচ্ছিক পত্র হিসেবে বাংলাদেশে চর্চিত বাংলা

সাহিত্য-সংস্কৃতির নানামুখী প্রসঙ্গ আলোচিত হচ্ছে।

এবার বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের পাঠ্যসূচী সামনে রেখে দেখে নেওয়া যাক কোন বিশ্ববিদ্যালয়ের পাঠ্যক্রমে বাংলাদেশের সাহিত্য-সংস্কৃতি চর্চার কোন কোন দিকগুলি প্রাধান্য পেয়েছে।

## ❑ এক. যাদবপুর বিশ্ববিদ্যালয়

**পর্যায় ঃ** স্নাতক (সাম্মানিক), তৃতীয় বর্ষ

**কোর্সের শিরোনাম ঃ** বাংলাদেশের সাহিত্য। এর অন্তর্ভুক্ত বিষয়গুলি নিম্নরূপ ঃ

ক. বাংলাদেশের সাহিত্য ঃ সমাজ ও রাজনীতির প্রেক্ষাপট

খ. উপন্যাস ঃ সৈয়দ ওয়ালীউল্লাহ - লালসালু/আবু ইসহাক-সূর্য দীঘল বাড়ি/সেলিনা হোসেন—নীল ময়ূরের যৌবন

গ. গল্প ঃ শওকত ওসমান, কায়েস আহমেদ, হাসান আজিজুল হক, আখতারুজ্জামান ইলিয়াস, নাসরিন জাহান (উল্লিখিত লেখকদের নির্বাচিত পাঁচটি গল্প)

ঘ. কবিতা ঃ আহসান হাবিব, শামসুর রহমান, সুফিয়া কামাল, আল মাহমুদ, শহীদ কাদরী, রফিক আজাদ, মহাদেব সাহা, নির্মলেন্দু গুণ (উল্লিখিত কবিদের নির্বাচিত দশটি কবিতা)

**পর্যায় ঃ** স্নাতকোত্তর, বিশেষ পত্র, প্রথম সেমেস্টার

**কোর্সের শিরোনাম ঃ** বাংলাদেশের উপন্যাস।

**অন্তর্ভুক্ত বিষয়গুলি নিম্নরূপ ঃ** (প্রতি একক থেকে নির্বাচিত দুটি করে উপন্যাস)

ক. আবুল ফজল—রাঙা প্রভাত; সত্যেন সেন—পুরুষ মেধ; শওকত ওসমান—জননী; সৈয়দ ওয়ালীউল্লাহ—কাঁদো নদী কাঁদো; শামসুদ্দীন আবুল কালাম—কাশবনের কন্যা।

খ. রশিদ করিম—আমার যত গ্লানি; শহীদুল্লা কায়সার—সংশপ্তক, আনোয়ার পাশা—রাইফেল রোটি আওরাত; আলাউদ্দিন আল আজাদ—কর্ণফুলী; সৈয়দ শামসুল হক—খেলারাম খেলে যা।

গ. আবুবকর সিদ্দিক—খরাদহ; শওকত আলী—প্রদোষে প্রাকৃতজন/শওকত আলী—দক্ষিণায়নের দিন; দিলারা হাসেম—আমলকীর মৌ; আখতারুজ্জামান ইলিয়াস—চিলেকোঠার সেপাই/আখতারুজ্জামান ইলিয়াস—খোয়াবনামা; আহমদ ছফা—গাভী বিত্তান্ত।

ঘ. হুমায়ুন আজাদ—ছাপান্ন হাজার বর্গমাইল/হুমায়ুন আজাদ—সব কিছু ভেঙে পড়ে; সেলিনা হোসেন—মগ্ন চৈতন্যের শিষ; হুমায়ুণ আহমেদ—শঙ্খনীল কারাগার; মঞ্জু সরকার—তমস; নাসরিন জাহান—উড়ুক্কু; শাহীন আখতার—পালাবার পথ নেই।

**পর্যায় ঃ** স্নাতকোত্তর, বিশেষ পত্র, দ্বিতীয় সেমেস্টার

**কোর্সের শিরোনাম ঃ** বাংলাদেশের ছোটগল্প

**অন্তর্ভুক্ত বিষয়গুলি নিম্নরূপ ঃ** (প্রতি একক দুজন গল্পকারের পাঁচটি গল্প)

ক. সৈয়দ ওয়ালীউল্লাহ, জ্যোতিপ্রকাশ দত্ত, শওকত আলী

খ. হাসান আজিজুল হক, রিজিয়া রহমান, আখতারুজ্জামান ইলিয়াস

গ. কায়েস আহমেদ, বিপ্রদাস বড়ুয়া, মঞ্জু সরকার

ঘ. ওয়াসী আহমেদ, অদিতি ফাল্গুনী, সেলিম মোরশেদ

**পর্যায় ঃ** স্নাতকোত্তর, বিশেষ পত্র, তৃতীয় সেমেস্টার

**কোর্সের শিরোনাম ঃ** দেশভাগ ও বাংলা সাহিত্য

**অন্তর্ভুক্ত বিষয়গুলি নিম্নরূপ ঃ** অন্য আরও অনেক বিষয়ের সাথে দেশভাগের পটভূমিতে লেখা বাংলাদেশের কয়েকটি ছোটোগল্প এবং উপন্যাস এই কোর্সে পাঠ্যবিষয় হিসেবে জায়গা পেয়েছে। যেমন—

গ. উপন্যাস—হাসান আজিজুল হক—আগুন পাখি, হুমায়ুন আজাদ—ছাপান্ন হাজার বর্গমাইল

ঘ. ছোটগল্প—হাসান আজিজুল হক—নামহীন গোত্রহীন, আখতারুজ্জামান ইলিয়াস—অন্যঘরে অন্যস্বর, আফসার আহমেদ—সম্পর্ক

**পর্যায় ঃ** স্নাতকোত্তর, বিশেষ পত্র, তৃতীয় সেমেস্টার

**কোর্সের শিরোনাম ঃ** বাংলাদেশের কবিতা

**অন্তর্ভুক্ত বিষয়গুলি নিম্নরূপ ঃ** (উল্লিখিত চারজন কবির নির্বাচিত দশটি করে কবিতা)

ক.-ঘ. আহসান হাবীব—শ্রেষ্ঠ কবিতা, শামসুর রহমান—শ্রেষ্ঠ কবিতা, আল মাহমুদ—শ্রেষ্ঠ কবিতা, শহীত কাদরী—শ্রেষ্ঠ কবিতা, রফিক আজাদ—শ্রেষ্ঠ কবিতা, মহাদেব সাহা—শ্রেষ্ঠ কবিতা, নির্মলেন্দু গুণ—শ্রেষ্ঠ কবিতা, রুদ্র মহম্মদ শহীদুল্লাহ—শ্রেষ্ঠ কবিতা।

**পর্যায় ঃ** স্নাতকোত্তর, সাধারণ পত্র, চতুর্থ সেমেস্টার

**কোর্সের শিরোনাম ঃ** বাংলাদেশের সাহিত্য

**অন্তর্ভুক্ত বিষয়গুলি নিম্নরূপ ঃ**

ক. পটভূমি—মুসলমান বাঙালির আত্মপরিচয়, ভাষা আন্দোলন, বাংলাদেশের বাঙালির আত্মপরিচয়ের সংকট, ৭১—পরবর্তী বাংলাদেশের আর্থ-সামাজিক-রাজনৈতিক পরিস্থিতি।

খ. উপন্যাস (নির্বাচিত একটি)

সত্যেন সেন—অভিশপ্ত নগরী, সৈয়দ ওয়ালীউল্লাহ—চাঁদের অমাবস্যা, মাহমুদুল হক—কালো বরফ, আখতারুজ্জামান ইলিয়াস—চিলেকোঠার সেপাই, আহমদ ছফা—ওঙ্কার, সেলিনা হোসেন—চাঁদবেনে

গ. গল্প (উল্লিখিত লেখকদের নির্বাচিত পাঁচটি গল্প) সৈয়দ ওয়ালীউল্লাহ, আল মাহমুদ, হাসান আজিজুল হক, রিজিয়া রহমান, বিপ্রদাস বড়ুয়া

ঘ. কবিতা (উল্লিখিত কবিদের নির্বাচিত দশটি কবিতা)

সৈয়দ আলী আহসান, হাসান হাফিজুর রহমান, আবু জাফর ওবায়দুল্লাহ, আল মাহমুদ, সৈয়দ শামসুল হক, ফরহাদ মাজহার, রুদ্র মহম্মদ শহীদুল্লাহ।

**পর্যায় ঃ** স্নাতকোত্তর, বিশেষ পত্র, চতুর্থ সেমেস্টার

**কোর্সের শিরোনাম ঃ** বাংলাদেশের প্রবন্ধ

**অন্তর্ভুক্ত বিষয়গুলি নিম্নরূপ ঃ** (প্রতি এককে দুজন প্রাবন্ধিকের চারটি করে প্রবন্ধ)

ক. মুহম্মদ শহীদুল্লাহ, আবুল ফজল, রণেশ দাশগুপ্ত

খ. আহমদ শরীফ, কবীর চৌধুরী, বদরুদ্দীন উমর

গ. সনজিদা খাতুন, বোরহানউদ্দিন খান জাহাঙ্গীর, সিরাজুল ইসলাম চৌধুরী

ঘ. আনিসুজ্জামান, আহমদ ছফা, মুনতাসীর মামুন

**পর্যায় ঃ** স্নাতকোত্তর, বিশেষ পত্র, চতুর্থ সেমেস্টার

**কোর্সের শিরোনাম ঃ** বাংলাদেশের নাটক

**অন্তর্ভুক্ত বিষয়গুলি নিম্নরূপ ঃ** ক. বাংলাদেশে নাট্যচর্চা—পূর্বকথা ও সমকাল

খ-ঘ (উল্লিখিত নাট্যকারদের নির্বাচিত ছটি নাটক)

সুনীল চৌধুরী, সাইদ আহমেদ, সৈয়দ শামসুল হক, আবদুল্লাহ আল মামুন, মামুজুর রশীদ, মামুনুর রশীদ, সেলিম আলদীন।

❑ দুই. প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়

**পর্যায় ঃ** স্নাতক (সাম্মানিক), চতুর্থ সেমেস্টার

**কোর্সের শিরোনাম ঃ** কাব্য-কবিতার ইতিহাস, কবিতার রূপভেদ ও কবিতা পাঠ (মডিউল BENG402)

**অন্তর্ভুক্ত বিষয়গুলি নিম্নরূপ ঃ** অন্যান্য অনেক বিষয়ের সঙ্গে রয়েছেন জসীমউদ্দিন এবং তাঁর কবিতা। (৪০২.৩)

**পর্যায় ঃ** স্নাতক (সাম্মানিক), পঞ্চম সেমেস্টার

**কোর্সের শিরোনাম ঃ** বাংলা উপন্যাস (মডিউল BENG501)

**অন্তর্ভুক্ত বিষয়গুলি নিম্নরূপ ঃ** ৫০১.৪ সৈয়দ ওয়ালীউল্লাহ্

**পর্যায় ঃ** স্নাতক (সাম্মানিক), পঞ্চম সেমেস্টার

**কোর্সের শিরোনাম ঃ** বাংলা ছোটোগল্প (মডিউল BENG502)

**অন্তর্ভুক্ত বিষয়গুলি নিম্নরূপ ঃ** ৫০২.৪ সৈয়দ ওয়ালীউল্লাহ্, আখতারুজ্জামান ইলিয়াস।

**পর্যায় ঃ** স্নাতকোত্তর, সেমেস্টার ১

**কোর্সের শিরোনাম ঃ** বাংলা নাট্যচর্চার ইতিহাস ও নাটক পাঠ (মডিউল BENG703)

**অন্তর্ভুক্ত বিষয়গুলি নিম্নরূপ ঃ** ৭০৩.৩ নাটক পাঠ ঃ পর্যায় ২ (নির্বাচিত নাট্যকারের ১টি নাটক) মুনীর চৌধুরী, সৈয়দ শামসুল হক

**পর্যায় ঃ** স্নাতকোত্তর, সেমেস্টার ২

**কোর্সের শিরোনাম ঃ** ছোটোগল্প পাঠ, আখ্যানের রকমফের ও আখ্যান পাঠ (মডিউল BENG804)

**অন্তর্ভুক্ত বিষয়গুলি নিম্নরূপ ঃ** ৮০৪.২ বাংলা ছোটোগল্প ঃ গুচ্ছ ২ (নিম্নোক্ত লেখকদের নির্বাচিত ৬টি গল্প) আবুল বাশার, আফসার আমেদ, সোহারাব হোসেন

৮০৪.৪ ঘটনা থেকে আখ্যান (নির্বাচিত গ্রন্থগুলি থেকে নির্বাচিত ৫টি রচনা) বাংলার চালচিত্র ঃ আবদুল জব্বার, গৈ-গেরামের পাঁচালি ঃ আনসারউদ্দিন

**পর্যায় ঃ** স্নাতকোত্তর, সেমেস্টার ৪

**কোর্সের শিরোনাম ঃ** বাংলাদেশের সাহিত্য (মডিউল BENG1004)

**অন্তর্ভুক্ত বিষয়গুলি নিম্নরূপ ঃ** ১০০৪.১ স্বাধীনতা পূর্ব ও স্বাধীনতা পরবর্তী বাংলাদেশের সমাজ ও সংস্কৃতির রূপরেখা

১০০৪.২ কবিতা পাঠ (নিম্নোক্ত কবিদের নির্বাচিত ৮টি কবিতা) ঃ শামসুর রাহমান,

আলাউদ্দীন আল আজাদ, সৈয়দ শামসুল হক, আল মাহমুদ, বেলাল চৌধুরী, হায়াৎ মামুদ, শহীদ কাদরী, রফিক আজাদ, মহাদেব সাহা, নির্মলেন্দু গুণ, হুমায়ুন আজাদ, হুমায়ুন কবির, অসীম সাহা, দাউদ হায়দার, রুদ্র মুহম্মদ শহীদুল্লাহ

১০০৪.৩ উপন্যাস পাঠ (নির্বাচিত ঔপন্যাসিকদের ১টি) ঃ সৈয়দ ওয়ালীউল্লাহ্, আবু ইসহাক, আখতারুজ্জামান ইলিয়াস, সেলিনা হোসেন।

১০০৪.৪ ছোটোগল্প পাঠ (নিম্নোক্ত লেখকদের নির্বাচিত ৬টি গল্প) ঃ শওকত ওসমান, সৈয়দ ওয়ালীউল্লাহ, সৈয়দ শামসুল হক, শওকত আলী, ড. বোরহানউদ্দীন খান জাহাঙ্গীর, আল মাহমুদ, হাসান আজিজুল হক, বিপ্রদাশ বড়ুয়া, আখতারুজ্জামান ইলিয়াস, আব্দুল মান্নান সৈয়দ, সেলিনা হোসেন, হুমায়ুন আহমেদ, শহীদুল জহির, নাসরীন জাহান।

পর্যায় ঃ স্নাতকোত্তর, কথাসাহিত্য (বিশেষপত্র), সেমেস্টার ৩

কোর্সের শিরোনাম ঃ উপন্যাসের তত্ত্ব, বাংলাদেশের উপন্যাস, ভিন্ন ভাষার উপন্যাস (মডিউল BENG903)

অন্তর্ভুক্ত বিষয়গুলি ঃ ৯০৩.৩ বাংলাদেশের উপন্যাস পাঠ (নির্বাচিত ঔপন্যাসিকের ১টি) ঃ

পাপের সন্তান/পদচিহ্ন—সত্যেন সেন

লালসালু/চাঁদের অমাবস্যা—সৈয়দ ওয়ালীউল্লাহ্

সূর্য দীঘল বাড়ি—আবু ইসহাক

প্রদোষে প্রাকৃতজন—শওকত আলী

চিলেকোঠার সেপাই/খোয়াবনামা—আখতারুজ্জামান ইলিয়াস

নীল ময়ূরের যৌবন/চাঁদবেনে—সেলিনা হোসেন

পর্যায় ঃ স্নাতকোত্তর, কথাসাহিত্য (বিশেষ পত্র), সেমেস্টার ৩

কোর্সের শিরোনাম ঃ উপন্যাস পাঠ (মডিউল BENG904)

অন্তর্ভুক্ত বিষয়গুলি ঃ ৯০৪.৪ উপন্যাস পাঠ ঃ গুচ্ছ ৩ (নির্বাচিত ঔপন্যাসিকের ১টি) ঃ ফুল বউ / মরুস্বর্গ—আবুল বাশার

পর্যায় ঃ স্নাতকোত্তর, কথাসাহিত্য (বিশেষ পত্র), সেমেস্টার ৪

কোর্সের শিরোনাম ঃ ছোটোগল্প বিষয়ক ভাবনা, ভিন্নভাষার ছোটোগল্প (মডিউল BENG1001)

অন্তর্ভুক্ত বিষয়গুলি ঃ ১০০১.৩ বাংলাদেশের ছোটোগল্প (নির্বাচিত ৫টি)

থুতু ঃ শওকত ওসমান

নয়নচারা/না কান্দে বুবু ঃ সৈয়দ ওয়ালীউল্লাহ্

সম্রাট ঃ সৈয়দ শামসুল হক

জানোয়ার ঃ শওকত আলী

পানকৌড়ীর রক্ত /জলবেশ্যা ঃ আল মাহমুদ

আত্মজা ও একটি করবী গাছ/নামহীন গোত্রহীন ঃ হাসান আজিজুল হক

মৃত্যুই ধ্রুব জীবনের পরপারে ঃ বিপ্রদাশ বড়ুয়া

অন্য ঘরে অন্য স্বর / জাল স্বপ্ন স্বপ্নের জাল ঃ আখতারুজ্জামান ইলিয়াস

খোয়াই নদীর বাঁকবদল / মতিজানের মেয়েরা ঃ সেলিনা হোসেন

আমাদের কুটির শিল্পের ইতিহাস : শহীদুল জহির

**পর্যায় :** স্নাতকোত্তর, কথাসাহিত্য (বিশেষ পত্র), সেমেস্টার ৪

**কোর্সের শিরোনাম :** ছোটোগল্প পাঠ (মডিউল BENG1002)

**অন্তর্ভুক্ত বিষয়গুলি : ১০০২.৩ ছোটোগল্প পাঠ : গুচ্ছ ৩ (নির্বাচিত লেখদের ৫টি)** নিশি কাজল / কালো মেঘ যেন সাজিল রে : আবুল বাশার

**আয়না যুদ্ধ / দোজখের ফেরেশতা : সোহারাব হোসেন**

পর্যায় : স্নাতকোত্তর, আধুনিক বাংলা কবিতা (বিশেষ পত্র), সেমেস্টার ৪

**কোর্সের শিরোনাম : চারের দশক : নতুন পথের সন্ধান ও বাংলাদেশের কবিতা** (মডিউল BENG1001)

**অন্তর্ভুক্ত বিষয়গুলি :** ১০০১.৩ শামসুর রাহমান এবং আল মাহমুদের কবিতা **(প্রত্যেক কবির অন্তত ৩টি করে কবিতা পাঠ্য)**

শামসুর রহমান : বর্ণমালা, আমার দুঃখিনী বর্ণমালা, দুঃখ, স্বাধীনতা তুমি, কখনো **আমার মাকে, টানাপোড়েন।**

আল মাহমুদ : লোক-লোকান্তর, কবিতা এমন, প্রকৃতি, গ্রামে, তোমার হাতে।

**পর্যায় :** স্নাতকোত্তর, নাট্যকলা ও নাটক (বিশেষ পত্র), সেমেস্টার

**কোর্সের শিরোনাম :** নাটক বিষয়ক গদ্য ও বিশ শতকের বাংলা নাটক (মডিউল BENG1001)

**অন্তর্ভুক্ত বিষয়গুলি : ১০০১.৩ বিশ শতকের বাংলা নাটক : গুচ্ছ ২ (নির্বাচিত** ১টি) যৈবতী কন্যার মন : সেলিম আল দীন

**পর্যায় : স্নাতক, সাধারণ-অতিরিক্ত বাংলা (General E.D)**

**কোর্সের শিরোনাম :** ছোটোগল্প ভাবনা (মডিউল : ৫ BENG0232)

**অন্তর্ভুক্ত বিষয়গুলি :** ছোটোগল্প পাঠ : নির্বাচিত ৮টি

ঢ. নয়নচারা—সৈয়দ ওয়ালীউল্লাহ্

ণ. খাঁচা—হাসান আজিজুল হক

**কোর্সের শিরোনাম : উপন্যাসের ভুবন (মডিউল : ৭ BENG0331)**

**অন্তর্ভুক্ত বিষয়গুলি :** উপন্যাস পাঠ : নির্বাচিত ২টি

**ছ. সূর্য দীঘল বাড়ি—আবু ইসহাক**

## ❑ তিন. কলিকাতা বিশ্ববিদ্যালয়

পর্যায় : স্নাতক, সাম্মানিক বাংলা, Discipline Centric Core Course

**কোর্সের শিরোনাম :** বাংলা সাহিত্যের ইতিহাস (বিংশ শতক), BNGHCC-V

**অন্তর্ভুক্ত বিষয়গুলি : মডিউল**-২ : কথাসাহিত্য—সৈয়দ ওয়ালীউল্লাহ

**কোর্সের শিরোনাম :** প্রবন্ধ ও বিবিধ রচনা, BNGHCC-X

**অন্তর্ভুক্ত বিষয়গুলি : মডিউল**-২ : খ। একালের সমালোচনা সঞ্চয়ন (কলিকাতা বিশ্ববিদ্যালয় প্রকাশিত)

এই বিভাগে গোপাল হালদার, বুদ্ধদেব বসু এবং সুবোধচন্দ্র সেনগুপ্তের সঙ্গে যুক্ত **হয়েছেন**—আখতারুজ্জামান ইলিয়াস : উপন্যাস ও সমাজবাস্তবতা।

**পর্যায় :** স্নাতক, সাম্মানিক বাংলা, Discipline Scpecific Elective (DSE)

**কোর্সের শিরোনাম ঃ** বাংলার সমাজ ও সংস্কৃতির ইতিহাস, BNGDSE-I

**অন্তর্ভুক্ত বিষয়গুলি ঃ** মডিউল-৩ ঃ বাঙালি **মুসলমানের স্বতন্ত্র** জাতিসত্তার সন্ধান দেশভাগ, **উদ্বাস্তু সমস্যা ও** ভাষা **আন্দোলন**

**কোর্সের শিরোনাম ঃ** বাংলাদেশের সাহিত্য BNGDSE-II

**অন্তর্ভুক্ত বিষয়গুলি ঃ** মডিউল-১ ঃ কথাসাহিত্য

ক. সূর্য দীঘল বাড়ি—আবু ইসহাক

খ. প্যাপিরাস প্রকাশিত বাংলাদেশের গল্পগ্রন্থ থেকে নিচের গল্প মধ্যে যে কোনো চারটি পড়তে হবে—

আত্মজা ও একটি করবী গাছ—হাসান আজিজুল হক

খোয়াই নদীর বাঁক বদল—সেলিনা হোসেন

সুন্দর মানুষ—বিপ্রদাস বড়ুয়া

যুগল বন্দি—আখতারুজ্জামান ইলিয়াস

মহাকালের খাঁড়া—কায়েস আহমেদ

**মডিউল-২ ঃ কবিতা ও নাটক**

ক. রণজিৎ দাশ ও সাজ্জাদ শরীফ সম্পাদিত বাংলাদেশের শ্রেষ্ঠ কবিতাগ্রন্থ থেকে নিচের কবিতাগুলি থেকে যে-কোনো ছয়টি পাঠ্যঃ

স্বাধীনতা তুমি—শামসুর রাহমান

আমি কিংবদন্তীর কথা বলছি (অংশ)—আবু জাফর ওবাইদুল্লাহ

সোনালী কাবিন ১৩—আল মাহমুদ

তোমাকে অভিবাদন, প্রিয়তমা—শহীদ কাদরী

নগর ধ্বংসের আগে—রফিক আজাদ

জুঁই ফুলের চেয়ে শাদা ভাতই অধিক সুন্দর—মহাদেব সাহা

মানুষ—নির্মলেন্দু গুণ

এবাদতনামা ১৩—ফরহাদ মজহার

তোমার দূরত্ব নিত্য আমার ক্রোধের দিনে—দাউদ হায়দার

বাতাসে লাশের গন্ধ—রুদ্র মুহম্মদ শহিদুল্লাহ

খ. কবর—মুনীর চৌধুরী

**মডিউল-৩ ঃ প্রবন্ধ**

অরুণ সেন ও আবুল হাসনাত সম্পাদিত *বাঙালি ও বাংলাদেশ* গ্রন্থ থেকে নিম্নলিখিত প্রবন্ধগুলি পাঠ্য ঃ

আভিভাষণ—মুহম্মদ শহীদুল্লাহ

বাঙালির আত্মপরিচয়ের সূত্রপাত—আবু জাফর শামসুদ্দীন

ভাষা সংস্কার ও বাঙালি চেতনার বিকৃতি—আহমদ শরীফ

মুসলমানদের স্বদেশ প্রত্যাবর্তন—বদরুদ্দীন উমর

দ্বিজাতিতত্ত্বের সত্যমিথ্যা—সিরাজুল ইসলাম চৌধুরী

স্বরূপের সন্ধানে—আনিসুজ্জামান

বাংলাদেশ ঃ পালিয়ে বেড়ায় দৃষ্টি এড়ায়—হাসান আজিজুল হক

মার্চের স্বপ্ন—মুনতাসীর মামুন

### ❑ চার. রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়

**পর্যায় ঃ** স্নাতকোত্তর, বাংলা, অষ্টম পত্র
**কোর্সের শিরোনাম ঃ** উপন্যাস
**অন্তর্ভুক্ত বিষয়গুলি ঃ** ৪। সূর্য দীঘল বাড়ি—আবু ইসহাক

### ❑ পাঁচ. কল্যাণী বিশ্ববিদ্যালয়

**পর্যায় ঃ** স্নাতক, বাংলা, SEMESTER AND COURSEWISECREDIT DISTRIBUTION, (সাম্মানিক) চতুর্থ সেমেস্টার
**কোর্সের শিরোনাম ঃ** BENH-H-CC-T-10 বাংলা কাব্য-কবিতা
**অন্তর্ভুক্ত বিষয়গুলি ঃ** তোমাকে পাওয়ার জন্য হে স্বাধীনতা—শামসুর রহমান
**পর্যায় ঃ** স্নাতক, (সাম্মানিক), পঞ্চম সেমেস্টার
**কোর্সের শিরোনাম ঃ** BENH-H-CC-T-II বাংলা উপন্যাস
**অন্তর্ভুক্ত বিষয়গুলি ঃ** পর্ব-ত মায়ামৃদঙ্গ—সৈয়দ মুস্তাফা সিরাজ
**কোর্সের শিরোনাম ঃ** BENH-H-DSE-T-I বাংলাদেশের সাহিত্য
**অন্তর্ভুক্ত বিষয়গুলি ঃ পর্ব-১ কবিতা ও ছোটগল্প**
(ক) বাংলাদেশের কবিতা (রণজিৎ দাশ ও সাজ্জাদ সফি সম্পাদিত) ঃ স্বাধীনতা তুমি—শামসুর রহমান, মানুষ—নির্মলেন্দু গুণ
তোমার দূরত্ব নিত্য আমার ক্রোধের দিনে—দাউদ হায়দার
(খ) ছোটগল্প (বাংলাদেশের গল্প—সেলিনা হোসেন সম্পাদিত)
কেরায়া—সৈয়দ ওয়ালীউল্লাহ্
জননী—হাসান আজিজুল হক
নিরুদ্দেশ—আখতারুজ্জামান ইলিয়াস
**পর্ব-২ প্রবন্ধ** (বাঙালি ও বাংলাদেশ—অরুণ সেন ও আবুল হাসনাৎ সম্পাদিত)
বাঙ্গালির আত্মপরিচয়ের সূত্রপাত—আবু জাফর সামসুদ্দিন
ভাষাসংস্কার ও বাঙালি চেতনার বিকৃতি—আহমদ শরীফ
মার্চের স্বপ্ন—মুনতাসীর মামুন
**পর্ব-৩ উপন্যাসও নাটক**
উপন্যাস ঃ যাপিত জীবন—সেলিনা হোসেন
নাটক ঃ কবর—মুনীর চৌধুরী
**পর্যায় ঃ** স্নাতকোত্তর, বাংলা, দ্বিতীয় যান্মাসিক বা সেমেস্টার
**কোর্সের শিরোনাম ঃ** পর্ব-২.৩ আধুনিক বাংলা উপন্যাস
**অন্তর্ভুক্ত বিষয়গুলি ঃ** ঘ. সূর্য দীঘল বাড়ি—আবু ইসহাক/মায়ামৃদঙ্গ—সৈয়দ মুস্তাফা সিরাজ/লালসালু।—সৈয়দ ওয়ালীউল্লাহ
চ. নীল ময়ূরের যৌবন—সেলিনা হোসেন
**পর্যায় ঃ** স্নাতক (সাধারণ), বাংলা
**কোর্সের শিরোনাম ঃ** BENG-G-SET-3 লোকগান
**অন্তর্ভুক্ত বিষয়গুলি ঃ** পর্ব-২ তত্ত্বমূলক গান ঃ

(ক) তত্ত্বমূলক গান প্রসঙ্গে প্রাথমিক আলোচনা
(খ) তত্ত্বমূলক গান ঃ
সব লোকে কয় লালন কি জাত সংসারে—লালন সাঁই
এই ধর্মের বিচার করো রে ভাই—কুবীর গোঁসাই
পর্ব-৩ ভাটিয়ালি গান ঃ ও ভাটিয়াল গাঙ্গের নাইয়া

❑ ছয়. বর্ধমান বিশ্ববিদ্যালয়

**পর্যায় ঃ** স্নাতকোত্তর, বাংলা, তৃতীয় সেমেস্টার
কোর্সের শিরোনাম ঃ কথাসাহিত্য (কোর কোর্স ঃ ৩০১/২)
**অন্তর্ভুক্ত বিষয়গুলি ঃ** (খ) নির্বাচিত গল্প
আত্মজা ও একটি করবী গাছ—হাসান আজিজুল হক

❑ সাত. বাঁকুড়া বিশ্ববিদ্যালয়

**পর্যায় ঃ** স্নাতকোত্তর, কথাসাহিত্য (বিশেষ পত্র), কোর কোর্স ঃ ৪০৪, সেমেস্টার[৫]
**কোর্সের শিরোনাম ঃ** কোর্স-৪ নির্বাচিত গল্প
**অন্তর্ভুক্ত বিষয়গুলি ঃ হাসান আজিজুল হক—শকুন, গুণিন, আত্মজা ও একটি করবী গাছ, নামহীন গোত্রহীন**
সেলিনা হোসেন—লিপিকার বিয়ে, অতঃপর, মতিজানের মেয়েরা, ঘরজুড়ে জ্যোৎস্না
সৈয়দ শামসুল হক—তাস, শীত বিকেল, রক্ত গোলাপ, প্রাচীন বংশের নিঃস্ব সন্তান

উল্লিখিত পাঠ্যসূচীগুলির বিষয়বিন্যাসের তুলনাত্মক আলোচনা করলে একথা নিশ্চয়ই অনুধাবন করা যাবে যে, একমাত্র যাদবপুর এবং প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়ের পাঠ্যক্রম-ই বাংলাদেশে চর্চিত বাংলা ভাষা-সাহিত্যের সবকটি প্রকরণকে আত্মস্থ করতে পেরেছে। বাংলাদেশে সাহিত্য-সংস্কৃতিচর্চার বিবিধ 'সংরূপ' (genre) যেমন ঃ কবিতা, নাটক, উপন্যাস, ছোটোগল্প, প্রবন্ধ প্রভৃতির একত্র সন্নিবেশ কেবলমাত্র যাদবপুর এবং প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়ের পাঠ্যক্রমেই লভ্য। সম্ভবত পাঠ্যক্রম প্রণেতাগণ বিষয় রূপায়ণের ক্ষেত্রে দেশভাগ এবং ৭১-পরবর্তী স্বাধীন বাংলাদেশে বাংলা ভাষা-সাহিত্যচর্চার সবকটি প্রেক্ষিতকেই একযোগে ধারণ করতে চেয়েছেন। এরই অনিবার্য ফলস্বরূপ বাংলাদেশের সাহিত্য-সংস্কৃতি চর্চার সাম্প্রতিকতম প্রবণতাগুলিও পাঠ্যক্রমে অবলীলায় ঠাঁই পেয়েছে। কলিকাতা বিশ্ববিদ্যালয়ের পাঠ্যক্রমে অবশ্য সংক্ষেপে সবকটি সংরূপের সঙ্গে শিক্ষার্থীর প্রাথমিক পরিচয় ঘটানোর প্রচেষ্টা দেখা গেছে। তবে কল্যাণী, বর্ধমান, রবীন্দ্রভারতী, বাঁকুড়া প্রভৃতি বিশ্ববিদ্যালয়ের পাঠ্যসূচী রূপায়ণের প্রণেতাগণ বেশিরভাগক্ষেত্রেই বাংলাদেশের সাহিত্য-সংস্কৃতির সমগ্র প্রেক্ষিতকে না ধরে কথাসাহিত্যের অঙ্গনেই আবদ্ধ থেকেছেন। স্বভাবতই এই বিহঙ্গদৃষ্টি নিক্ষেপের কারণে পাঠ্যসূচীতে উপেক্ষিত থেকে গেছে কবিতা, নাটক, প্রবন্ধ প্রভৃতি সাহিত্য-সংস্কৃতির গুরুত্বপূর্ণ সংরূপ। আমরা নিশ্চয়ই আশাবাদী, ভবিষ্যতে এইসব বিশ্ববিদ্যালয় পাঠ্যক্রম রূপায়নের ক্ষেত্রে এই ছোটোখাটো অসম্পূর্ণতাগুলিকে ডিঙিয়ে একধরনের সামগ্রিক দৃষ্টিভঙ্গির প্রতিফলন ঘটাবেন।